বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bangladeshbank.org.bd

০৯ অগ্রহায়ন ১৪১৭ বাং

এফইআইডি সার্কুলার পত্র নং-০২ তারিখ:----------------------

২৩ নভেম্বর ২০১০ ইং

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ১৮এ ও ১৮বি ধারার আওতায় অনুমতিপ্রাপ্ত স্থানীয় এজেন্ট ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের অর্জিত ত্রৈমাসিক কমিশন বিবরণী ও অনিবাসী প্রতিষ্ঠানসমূহের এদেশীয় শাখা ও লিয়াজোঁ অফিসসমূহের আয়-ব্যয় বিবরণী বাংলাদেশ ব্যাংকে নিয়মিতভাবে দাখিল হতে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

১।(ক) বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ১৮এ ধারার আওতায় অনুমতিপ্রাপ্ত স্থানীয় এজেন্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বিদেশী প্রিন্সিপালের নিকট হতে তাদের কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদি অর্জন ও দেশে প্রত্যাবাসন সংক্রান্ত বিবরণী Guidelines for Foreign Exchange Transactions, 2009 এর Appendix-5/77, 5/78, 5/79 ও 5/80 অনুযায়ী অত্র বিভাগের রিটার্ণ শাখায় দাখিল হতে সংশ্লিষ্ট ব্যাংক এবং স্থানীয় এজেন্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহকে অব্যাহতি প্রদান করা হল।

(খ) উক্ত আইনের উল্লেখিত ধারার আওতায় অনুমতিপ্রাপ্ত স্থানীয় এজেন্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহ তাদের বিদেশী প্রিন্সিপাল/প্রিন্সিপালসমূহের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদি অর্জন ও যথাযথভাবে দেশে প্রত্যাবাসন করার বিষয়টি এখন হতে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক নিজেরাই নিশ্চিত করবে। এক্ষেত্রে কোন অনিয়ম পরিলক্ষিত হলে অনুমোদিত ডিলার ব্যাংক তা প্রয়োজনীয় দলিলাদিসহ তাৎক্ষণিকভাবে অত্র বিভাগকে অবহিত করবে।

(গ) উক্ত আইনের উল্লেখিত ধারার আওতায় অনুমতিপ্রাপ্ত স্থানীয় এজেন্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহ (যেমন: বায়িং এজেন্ট/বায়িং হাউস, ইন্ডেন্টিং এজেন্ট, স্থানীয় এজেন্ট, ফ্রেইট ফরোয়ার্ডিং এজেন্ট, কুরিয়ার সার্ভিস এজেন্ট ইত্যাদি) যারা কেবলমাত্র বিদেশী প্রিন্সিপালের এজেন্ট হিসেবে কার্যক্রম পরিচালনার মাধ্যমে অন্তর্মুখী রেমিট্যান্স পেয়ে থাকে তারাই অত্র বিভাগের রিটার্ণ শাখায় কমিশন বিবরণী দাখিল হতে অব্যাহতি প্রাপ্ত হবে। পক্ষান্তরে, যেসব স্থানীয় এজেন্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের কার্যক্রমের মাধ্যমে বৈদেশিক মুদ্রার অন্ত:প্রবাহ ও বহি:প্রবাহ উভয়ই ঘটে (কমিশন বা অন্য যে কোন আকারে) সেসব ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহ (যেমন: স্থানীয় এজেন্ট, স্থানীয় স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর, স্থানীয় ভি-স্যাট সার্ভিস প্রোভাইডার, স্থানীয় শিপিং এজেন্ট, জেনারেল সেলস্ এজেন্ট, কুরিয়ার সার্ভিস এজেন্ট ইত্যাদি) তাদের অর্জিত কমিশন প্রত্যাবাসন ও বৈদেশিক মুদ্রার বহি:প্রবাহ সংক্রান্ত বিবরণী অনুমোদনপত্রের শর্তানুযায়ী ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট এর রেমিট্যান্স শাখায় যথারীতি দাখিল অব্যাহত রাখবে।

(ঘ) উক্ত আইনের উল্লেখিত ধারার আওতায় ইতোমধ্যে অনুমতিপ্রাপ্ত স্থানীয় এজেন্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহের অনুকূলে প্রদত্ত অনুমতি নবায়ন বা নতুন প্রিন্সিপাল অন্তর্ভূক্তির আবেদন অত্র বিভাগে দাখিলের প্রাক্কালে অনিবাসী প্রিন্সিপাল/প্রিন্সিপালসমূহের সাথে স্থানীয় এজেন্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহের সম্পাদিত চুক্তি অনুযায়ী কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদি অর্জন ও প্রত্যাবাসন সংক্রান্ত তথ্য সংযোজনী-'ক' এ প্রদত্ত ছকে সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক প্রয়োজনীয় সুপারিশসহ অনুমোদিত ডিলার ব্যাংক আবেদনপত্র অত্র বিভাগে প্রেরণ করবে।

(ঙ) উক্ত আইনের উল্লেখিত ধারার আওতায় ইতোমধ্যে অনুমতিপ্রাপ্ত স্থানীয় এজেন্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুমোদিত ডিলার ব্যাংক পরিবর্তনের ক্ষেত্রে অনিবাসী প্রিন্সিপাল/প্রিন্সিপালসমূহের সাথে তাদের সম্পাদিত চুক্তি অনুযায়ী কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদি প্রত্যাবাসন করা সংক্রান্ত একটি প্রত্যয়নপত্র (ব্যাংক শাখার নিজস্ব প্যাডে ইস্যুকৃত) এবং ব্যাংক পরিবর্তনের বিষয়ে অনাপত্তিপত্র পূর্ববর্তী ব্যাংকের নিকট হতে গ্রহণপূর্বক নতুন অনুমোদিত ডিলার ব্যাংকে দাখিল করবে। পরবর্তীতে অনুমতিপ্রাপ্ত স্থানীয় এজেন্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহের অনুকূলে প্রদত্ত অনুমতি নবায়ন বা নতুন প্রিন্সিপাল অন্তর্ভূক্তির ক্ষেত্রে উক্ত অনাপত্তিপত্র আবেদনপত্রের সাথে অত্র বিভাগে দাখিল করতে হবে।

অ: পৃ: দ্রঃ

(চ) স্থানীয় এজেন্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহের কমিশন/ফি/সার্ভিস চাজ ইত্যাদি অর্জন ও প্রত্যাবাসন সংক্রান্ত তথ্য ও এতদ্‌সংক্রান্ত দলিলাদি বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দল কর্তৃক সরেজমিনে পরিদর্শনের জন্য অনুমোদিত ডিলার ব্যাংক যথাযথভাবে সংরক্ষণ করবে এবং পরিদর্শন দলের চাহিদা অনুযায়ী সরবরাহ করবে।

২।(ক) বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ১৮বি ধারার আওতায় অনুমতিপ্রাপ্ত বিদেশী প্রতিষ্ঠানের এদেশীয় শাখা ও লিয়াজোঁ অফিসসমূহ কর্তৃক তাদের যাবতীয় অফিস খরচ বিদেশী মূল প্রতিষ্ঠানের নিকট হতে আনয়ন ও ব্যয় সংক্রান্ত বিবরণী অত্র বিভাগের রিটার্ণ শাখায় দাখিল হতে সংশ্লিষ্ট ব্যাংক ও এদেশীয় শাখা ও লিয়াজোঁ অফিসসমূহকে অব্যাহতি প্রদান করা হল।

(খ) উক্ত আইনের উল্লেখিত ধারার আওতায় অনুমতিপ্রাপ্ত বিদেশী প্রতিষ্ঠানের এদেশীয় শাখা ও লিয়াজোঁ অফিসসমূহ কর্তৃক তাদের যাবতীয় অফিস খরচ বিদেশী মূল প্রতিষ্ঠানের নিকট হতে আনয়ন ও ব্যয় করার বিষয়টি এখন হতে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক নিজেরাই নিশ্চিত করবে। এক্ষেত্রে কোন অনিয়ম পরিলক্ষিত হলে অনুমোদিত ডিলার ব্যাংক তা প্রয়োজনীয় দলিলাদিসহ তাৎক্ষণিকভাবে অত্র বিভাগকে অবহিত করবে।

(গ) উক্ত আইনের উল্লেখিত ধারার আওতায় ইতোমধ্যে অনুমতিপ্রাপ্ত বিদেশী প্রতিষ্ঠানের এদেশীয় শাখা ও লিয়াজোঁ অফিসসমূহের অনুকূলে প্রদত্ত অনুমতি নবায়নের আবেদন অত্র বিভাগে দাখিলের প্রাক্কালে বিদেশী প্রতিষ্ঠানের এদেশীয় শাখা ও লিয়াজোঁ অফিসসমূহ কর্তৃক তাদের যাবতীয় অফিস খরচ বিদেশী মূল প্রতিষ্ঠানের নিকট হতে আনয়ন ও ব্যয় করা সংক্রান্ত তথ্য সংযোজনী-'খ' এ প্রদত্ত ছকে সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক প্রয়োজনীয় সুপারিশসহ অনুমোদিত ডিলার ব্যাংক আবেদনপত্র অত্র বিভাগে প্রেরণ করবে।

(ঘ) উক্ত আইনের উল্লেখিত ধারার আওতায় ইতোমধ্যে অনুমতিপ্রাপ্ত বিদেশী প্রতিষ্ঠানের এদেশীয় শাখা ও লিয়াজোঁ অফিসসমূহ কর্তৃক অনুমোদিত ডিলার ব্যাংক পরিবর্তনের ক্ষেত্রে এদেশীয় শাখা ও লিয়াজোঁ অফিসসমূহ কর্তৃক তাদের যাবতীয় অফিস খরচ বিদেশী মূল প্রতিষ্ঠানের নিকট হতে আনয়ন ও ব্যয় করা সংক্রান্ত একটি প্রত্যয়নপত্র (ব্যাংক শাখার নিজস্ব প্যাডে ইস্যুকৃত) এবং ব্যাংক পরিবর্তনের বিষয়ে অনাপত্তিপত্র পূর্ববর্তী ব্যাংকের নিকট হতে গ্রহণপূর্বক নতুন অনুমোদিত ডিলার ব্যাংকে দাখিল করবে। পরবর্তীতে অনুমতিপ্রাপ্ত এদেশীয় শাখা ও লিয়াজোঁ অফিসসমূহের অনুকূলে প্রদত্ত অনুমতি নবায়নের ক্ষেত্রে উক্ত অনাপত্তিপত্র আবেদনপত্রের সাথে অত্র বিভাগে দাখিল করতে হবে।

(ঙ) বিদেশী প্রতিষ্ঠানের এদেশীয় শাখা ও লিয়াজোঁ অফিসসমূহ কর্তৃক তাদের যাবতীয় অফিস খরচ বিদেশী মূল প্রতিষ্ঠানের নিকট হতে আনয়ন ও ব্যয় করা সংক্রান্ত তথ্য ও এতদ্‌সংক্রান্ত দলিলাদি বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দল কর্তৃক সরেজমিনে পরিদর্শনের জন্য অনুমোদিত ডিলার ব্যাংক যথাযথভাবে সংরক্ষণ করবে এবং পরিদর্শন দলের চাহিদা অনুযায়ী সরবরাহ করবে।

৩। এছাড়া, অত্র বিভাগ, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ ও ফরেন এক্সচেঞ্জ অপারেশন বিভাগসহ অন্যান্য বিভাগ ও শাখায় এবং বাংলাদেশ ব্যাংকের অন্যান্য অফিসে বিদ্যমান অন্যান্য সকল ধরণের বিবরণী/তথ্য/দলিলাদি দাখিল যথারীতি অব্যাহত থাকবে।

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(এ. এন. এম. আবুল কাশেম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন: ৭১২৫০২৪।

সংযোজনী-'ক'

অনুমোদিত ডিলার ব্যাংক ও শাখার নাম ও ঠিকানা: --------------------------------------------------

অনিবাসী প্রিন্সিপাল/প্রিন্সিপালসমূহের সাথে স্থানীয় এজেন্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহের সম্পাদিত
চুক্তি অনুযায়ী কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদি অর্জন ও প্রত্যাবাসন সংক্রান্ত প্রত্যয়নপত্র।

স্থানীয় এজেন্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: --------------------------------------------------
অত্র বিভাগ কর্তৃক প্রদত্ত অনুমতির নম্বর ও মেয়াদ: --------------------------------------------------

(টাকা/বৈদেশিক মুদ্রার অংকে)

| অনিবাসী প্রিন্সিপালের নাম | প্রারম্ভিক বকেয়া কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদির পরিমাণ | চুক্তি অনুযায়ী সর্বশেষ ত্রৈমাসিক পর্যন্ত প্রাপ্য কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদির পরিমাণ (ইতোপূর্বে দাখিলকৃত বিবরণীর তারিখের পর হতে) | আলোচ্য সময়কালে দেশে প্রত্যাবাসিত কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদির পরিমাণ | সর্বশেষ ত্রৈমাসিক পর্যন্ত মোট বকেয়া কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদির পরিমাণ | বকেয়া কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদি কোন সময়কালে অর্জিত | কমিশন/ফি/সার্ভিস চার্জ ইত্যাদি বকেয়া থাকলে তার কারণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| মোট = | | | | | | |

* এই প্রত্যয়নপত্র অনুমোদন নবায়ন/প্রিন্সিপাল অন্তর্ভূক্তির সময় নির্ধারিত ফরমেটে আবেদনপত্রের সাথে অনুমোদিত ডিলার ব্যাংক কর্তৃক দাখিল করতে হবে।
* ত্রৈমাসিক বলতে মার্চ, জুন, সেপ্টেম্বর ও ডিসেম্বর বুঝাবে।

অনুমোদিত ডিলার ব্যাংকের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর: ------------------------------
নাম: ------------------------------------------------------------------------------------
পদবী: ----------------------------------------------------------------------------------
সিলমোহর: ------------------------------------------------------------------------------

সংযোজনী-'খ'

অনুমোদিত ডিলার ব্যাংক ও শাখার নাম ও ঠিকানা: ----------------------------------------------------

বিদেশী প্রতিষ্ঠানের এদেশীয় শাখা ও লিয়াজোঁ অফিসসমূহ কর্তৃক তাদের যাবতীয়
অফিস খরচ বিদেশী মূল প্রতিষ্ঠানের নিকট হতে আনয়ন ও ব্যয়করণ সংক্রান্ত প্রত্যয়নপত্র।

শাখা ও লিয়াজোঁ অফিসের নাম ও ঠিকানা: -----------------------------------------------------------
অত্র বিভাগ কর্তৃক প্রদত্ত অনুমতির নম্বর ও মেয়াদ: ---------------------------------------------------

| বিদেশী প্রতিষ্ঠানের শাখা ও লিয়াজোঁ অফিসের নাম | সর্বশেষ ত্রৈমাসিক পর্যন্ত অফিস খরচ বাবদ আনীত মোট বৈদেশিক মুদ্রার পরিমাণ (সমপরিমাণ টাকার অংকসহ) | আলোচ্য সময়কালে ব্যয়িত মোট অর্থের পরিমাণ (টাকায়) | সর্বশেষ ত্রৈমাসিকে উদ্বৃত্ত রেমিট্যান্সের মোট পরিমাণ (closing balance) (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |

* এই প্রত্যয়নপত্র অনুমোদন নবায়নের সময় নির্ধারিত ফরমেটে আবেদনপত্রের সাথে অনুমোদিত ডিলার ব্যাংক কর্তৃক দাখিল করতে হবে।
* ত্রৈমাসিক বলতে মার্চ, জুন, সেপ্টেম্বর ও ডিসেম্বর বুঝাবে।

অনুমোদিত ডিলার ব্যাংকের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর: -------------------------------
নাম: ------------------------------------------------------------------------------------
পদবী: ----------------------------------------------------------------------------------
সিলমোহর: -------------------------------------------------------------------------------